গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ২২ সেপ্টেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আতিকুল হক
মহাপরিচালক

স্থান : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

তারিখ : ২২.০৯.২০২০ খ্রি.

সময় : সকালঃ ০৯.৩০ টা

হাজিরা : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আধুনিক বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয়ে সেবার মান আরও উন্নত করে কাঙ্খিত সাফল্য ও সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনের মধ্য দিয়ে "মুজিব বর্ষের" সার্থকতা সফল করার লক্ষ্যে কাজ করার আহবান জানান। তিনি আরও উল্লেখ করেন যে, আমরা যে স্থানে বা যে অবস্থায় থাকি না কেন আমাদের প্রতিটি কাজে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লালিত স্বপ্ন ও আদর্শের প্রতিফলন থাকতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্যগণ আলাদাভাবে মত প্রকাশ করেন। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপপরিচালক (প্রশাসন-১) ১৮ আগস্ট ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

০২। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা</th></tr>
<tr><td>১</td><td>মুজিব বর্ষসহ জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস উদযাপন</td><td>(i) মুজিববর্ষ উপলক্ষে আন্তর্জাতিক Disability সম্মেলন আয়োজনের বিষয়ে আলোচনা হয়।<br><br>(ii) মুজিববর্ষ উপলক্ষে বঙ্গবন্ধুর জীবন আদর্শ নিয়ে "দুর্যোগ ব্যবস্থাপনায় বঙ্গবন্ধুর ভাবনা" শীর্ষক একটি কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।</td><td>(i) কোভিড-১৯ উন্নতিকল্পে সুবিধাজনক সময়ে আন্তর্জাতিক Disability সম্মেলন আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ii) কোভিড-১৯ উন্নতিকল্পে সুবিধাজনক সময়ে বঙ্গবন্ধুর জীবন আদর্শ নিয়ে "দুর্যোগ ব্যবস্থাপনায় বঙ্গবন্ধুর ভাবনা" শীর্ষক একটি কর্মশালা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>পরিচালক (পরিকল্পনা/ প্রশিক্ষণ)<br><br>উপপরিচালক (বাজেট/প্রশাসন-১/ ২/ প্রশিক্ষণ/প্রশমন/ পরিকল্পনা)</td></tr>
<tr><td>২</td><td>মন্ত্রণালয়ের সাথে অধিদপ্তর/ অধিদপ্তরের সাথে মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়াদি।</td><td>(i) অধিদপ্তরের পেন্ডিং পত্রসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়।<br><br>(ii) উইং ভিত্তিক পেন্ডিং ইস্যুর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td><td>(i) অধিদপ্তরের পেন্ডিং পত্রসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ii) উইং ভিত্তিক পেন্ডিং ইস্যুর বিষয়ে স্ব স্ব উইং থেকে মন্ত্রণালয়কে পত্র দিতে হবে।</td><td>পরিচালক (সকল) উপপরিচালক ও নির্বাহী প্রকৌশলী (সকল)</td></tr>
<tr><td>৩</td><td>বিভাগীয় মোকদ্দমা</td><td>(ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে চলমান বিভাগীয় মামলার বিবরণ নিম্নরূপঃ
<table>
<tr><td>১</td><td>০৭/২০১৬</td><td>জনাব মোঃ দেলোয়ার হোসেন</td><td>জনাব আব্দুর রহমান উপপরিচালক (বাজেট/হিসাব)</td><td>প্রতিবেদন পাওয়া যায়নি।</td></tr>
<tr><td>২</td><td>০৫/২০১৭</td><td>জনাব শামিমা পারভীন</td><td>জনাব শায়লা ইয়াসমিন, উপপরিচালক (প্রশিক্ষণ)</td><td>তিনি চাকরি করবেন না মর্মে জানিয়েছেন। কর্মস্থলের না</td></tr>
</table></td><td>(ক) বিভাগীয় মামলার কার্যক্রম রিপোর্ট প্রাপ্তির পর দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন-১/২)</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | দাবি পত্র চাওয়া হয়েছে। |
| ৩ | ০১/২০২০ | জনাব মোঃ দেলোয়ার হোসেন | জনাব এস এম এনামুল কবির পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা ) | প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ৪ | ০৩/২০২০ | জনাব মোঃ আব্দুল কাইয়ুম | জনাব এস এম এনামুল কবির পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা ) | ১৫.০৯.২০২০ তারিখে শুনানী নেয়া হয়েছে। প্রতিবেদন পাওয়া যায় নি। |
| ৫ | ০৫/২০২০ | মোঃ নুরুন্নবী সরকার | ০৩.০৯.২০২০ তারিখে অভিযোগনামা প্রেরণ করা হয়েছে। | অভিযোগনামার জবাব দাখিলের শেষ তারিখ ১৭.০৯.২০২০ ছিল। জবাব পাওয়া যায় নি। |
| ০৬ | ০৬ | সৌভ্রাত দাস | ০৩.০৯.২০২০ তারিখে অভিযোগনামা প্রেরণ করা হয়েছে। | অভিযোগনামার জবাব পাওয়া গেছে। |

৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীর মামলার হিসাব :

| ক্রঃ | মামলা নং | কর্মচারীর নাম | তদন্ত কর্মকর্তার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ০৭/২০১৫ | জনাব শামীনুর রহমান | ড. মোঃ হাবিবুল্লাহ বাহার উপ-পরিচালক (প্র:-২) | ৩.৯.২০২০ তারিখে ৪৭৯ নং স্মারকে চাকরি হতে বরখাস্ত করা হয়েছে। |
| ২ | ০১/২০১৯ | জনাব মোঃ নাহিদুর রহমান | ১৮.৮.২০২০ তারিখে অভিযোগনামা প্রেরণ করা হয়েছে। | জবাব দাখিল করেন নি। পরবর্তী তারিখঃ ২০.০৯.২০২০ |
| ৩ | ০২/২০২০ | জনাব মোঃ ইব্রাহীম | জনাব মোঃ গিয়াস উদ্দিন পরিচালক (ভিজিডি) | তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ৪ | ০৪/২০২০ | মোঃ হাবিবুর রহমান | ১৫.০৯.২০২০ তারিখে শুনানী হয়েছে। | আদেশের জন্য ২০.০৯.২০ |
| ৫ | ০৭/২০২০ | মোঃ ওমর ফারুক | ০১.০৯.২০২০ তারিখে অভিযোগনামা প্রেরণ করা হয়েছে। | জবাব পাওয়া যায়নি। ইতোমধ্যে ১০ কর্ম দিবস শেষ হয়েছে। |

(গ) মামলাগুলো বিস্তারিতভাবে রেজিস্টারে মামলা নম্বর ও সালসহ হালনাগাদ আছে।

(গ) মামলাগুলো বিস্তারিতভাবে রেজিস্টারে মামলা নম্বর ও সালসহ সংরক্ষণ করে হালনাগাদ রাখতে হবে।

গ) উপপরিচালক (প্রশাসন-১/২)

---

৪ | অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত।

ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে রাজস্ব ও প্রকল্পসহ বিভিন্ন খাতে অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণ নিম্নরূপঃ

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | রাজস্ব | ৩১১ | ৩১১ | ২২৫ | ২২৫ | ৮৬ | মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক সাল ভিত্তিক ব্রডশীট জবাব প্রেরণের মাধ্যমে নিষ্পত্তির কাজ অব্যাহত আছে। |
| ৩ | ইজিপিপি | ৫৪৮ | ১৯৮ | -- | -- | ৫৪৮ | ৩৫ টির জবাব প্রেরণ করা হয়েছে। |
| | মোট = | ৮২৯ | ৪৭৯ | ১৮৩ | ১৮৩ | ৬৪৬ | |

(ii) ইজিপিপি প্রকল্পের এ পর্যন্ত ৩৫ টির জবাব প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট আপত্তির জবাব প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

(ক) এ অধিদপ্তরের বার্ষিক কর্মসংস্থান চুক্তি (APA) এর ২০২০-২০২১ অর্থ বছরের টার্গেট এবং অডিট নিষ্পত্তি সংক্রান্ত সর্বশেষ পরিপত্রের আলোকে রাজস্ব এবং প্রকল্প খাতের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।

ক) প্রকল্প পরিচালক (SMoDMRP)/ উপপরিচালক (বা:/হি:)

<table>
<tr>
<td>৫</td>
<td>অকেজো গাড়ি নিলামে বিক্রয় ও গাড়ি ক্রয় প্রসংগে।</td>
<td>ক) ১৩ টি অকেজো গাড়ির মধ্যে ২টি গাড়ি নিলামে বিক্রি করা হয়েছে। অবশিষ্ট ১১টি অকেজো গাড়ির জন্য পুনরায় পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। প্রথম রাউন্ডে কিছু সিডিউল বিক্রয় হলেও কেউ কোন সিডিউল দাখিল করেনি।বর্তমানে দ্বিতীয় রাউন্ডের নিলাম বিজ্ঞপ্তি চলমান রয়েছে।</td>
<td>(ক) অকেজো গাড়িগুলো দ্রুত নিলামে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপপরিচালক (প্রশাসন-২)/ সহকারী পরিচালক (যান)</td>
</tr>
<tr>
<td></td>
<td></td>
<td>(খ) সাস নম্বর যুক্ত ৩৪ টি অকেজো জিপ গাড়ি নিলামে বিক্রয়ের অনুমতি চেয়ে চেয়ারম্যান, এনবিআর বরাবরে পত্র প্রেরণ করা হয়। এনবিআর হতে বিশেষ বিবেচনায় গাড়ীগুলো নিলামে বিক্রয়ের বিষয়ে সুচিন্তিত মতামত প্রদানের জন্য ০৬ টি কাস্টমস হাউসে পত্র দেয়া হয়েছে।</td>
<td>(খ) সংশ্লিষ্ট কাষ্টমস হাউস ও এনবিআর কর্তৃপক্ষের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে দ্রুত নিলামে বিক্রির অনুমতি নেয়ার ব্যবস্থা করতে হবে।</td>
<td>উপপরিচালক (প্রশাসন-২)/ সহকারী পরিচালক (যান)</td>
</tr>
<tr>
<td>৬</td>
<td>অধিদপ্তরের বিভিন্ন উইং/ শাখায় পত্র প্রাপ্তি/ জারী প্রসংগে।</td>
<td>(ক) ই-ফাইলিংয়ে এ অধিদপ্তরের অবস্থান আরও উন্নত করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অধিক আন্তরিক হওয়ার পরামর্শ দেন।<br><br>খ) এ অধিদপ্তরের কার্যক্রম এবং বাস্তবায়ন সংক্রান্ত ছবি যথাযথভাবে প্রদর্শনের বিষয়ে আলোচনা করা হয়।</td>
<td>(ক) (i) ই-ফাইলিংয়ে এ অধিদপ্তরের অবস্থান আরও উন্নত করতে হবে।<br><br>(খ) আন্তর্জাতিক প্রশমন দিবস, জাতীয় প্রস্তুতি দিবস, স্বাধীনতা ও বিজয় দিবসসহ অন্যান্য দিবস উদযাপনের ছবি এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজের ছবিসহ অনুষ্ঠিত সভা/ সেমিনার/ প্রশিক্ষণ এর ছবি অধিদপ্তরের নিজস্ব facebook পেইজসহ কর্মকর্তাদের facebook গ্রুপে আপলোড করতে হবে। তাছাড়া অধিদপ্তরের নোটিশ বোর্ডে লাগিয়েও যথাযথ প্রচারের ব্যবস্থা নিতে হবে।</td>
<td>(ক) পরিচালক (সকল) উপপরিচালক/ নিঃ প্রঃ (সকল) ও প্রোগ্রামার<br>(খ)উপপরিচালক (এমআইএম) ও প্রোগ্রামার</td>
</tr>
<tr>
<td>৭</td>
<td>মামলা সংক্রান্ত।</td>
<td>(ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের (মন্ত্রণালয়সহ) চলমান মামলার বিবরণ নিম্নরূপ:
<table>
<tr><th>ক্রমিক</th><th>মামলার ধরন</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>রীট</td><td>৭৭টি</td></tr>
<tr><td>২</td><td>আপীল মামলা</td><td>২৯টি</td></tr>
<tr><td>৩</td><td>এটি</td><td>১২টি</td></tr>
<tr><td>৪</td><td>এএটি</td><td>০৪টি</td></tr>
<tr><td>৫</td><td>আদালত অবমাননা</td><td>১৩টি</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>১৩৫টি</td></tr>
</table>
(i) মামলার তালিকা হালনাগাদ করে চলমান গুরুত্বপূর্ণ মামলা ও অকার্যকর মামলা চিহ্নিত করে ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে অতি গুরুত্বপূর্ণ মামলাগুলো নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান রয়েছে।<br><br>(খ) এ অধিদপ্তরের মাধ্যমে চলমান মামলা দ্রুততার সাথে নিষ্পত্তি বিভিন্ন আদালতে মামলা মোকাবেলা করার সরকারি স্বার্থে প্যানেল আইনজীবি নিয়োগের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।</td>
<td>(ক) (i) মামলার রেজিস্টার ও মামলার সর্বশেষ অবস্থা হালনাগাদ রাখতে হবে।<br><br>(ii) গঠিত কমিটি মামলার তালিকা হালনাগাদ করে চলমান গুরুত্বপূর্ণ মামলা ও অকার্যকর মামলা চিহ্নিত করে ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে অতি গুরুত্বপূর্ণ মামলাগুলো নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণণ করবেন।<br>(খ) প্যানেল আইনজীবি নিয়োগ বিষয়ে প্রেরিত পত্রের বর্তমান অবস্থা সর্ম্পকে পরিচালক (প্রশাসন) ব্যক্তিগতভাবে যোগাযোগ করে ব্যবস্থা নিবেন।</td>
<td>উপপরিচালক (প্রশাসন-১)/ সহকারি পরিচালক (আইন)/<br><br>উপপরিচালক (প্রশাসন-১/২)</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | কাবিখা, টিআর ও ইজিপিপি কর্মসূচি প্রসংগে। | (ক) কাবিখা/কাবিটা কর্মসূচিঃ<br>ক) **দুর্যোগ সহনীয় ঘর, কাবিখা এবং সোলারসহ** বাস্তবায়িত প্রকল্পের সমাপ্ত প্রতিবেদন এ পর্যন্ত ৪২টি জেলা থেকে পাওয়া গিয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে এ খাতে ৮৫,০০০.০০০ মেঃটন খাদ্যশস্যের বরাদ্দ পাওয়া গেছে। ইতোমধ্যে সকল জেলা প্রশাসক বরাবরে খাদ্যশস্য ছাড় করা হয়েছে।<br>**খ) টি,আর কর্মসূচিঃ**<br>**দুর্যোগ সহনীয় ঘর, টিআর এবং** সোলারসহ বাস্তবায়িত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন এ পর্যন্ত ৪২টি জেলা থেকে পাওয়া গিয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে এ খাতে ২৭৮,০০,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। ইতোমধ্যে সকল জেলা প্রশাসক বরাবরে অর্থ ছাড় করা হয়েছে।<br><br>**গ) ইজিপিপিঃ**<br>২০২০-২০২১ অর্থ বছরে ইজিপিপি কর্মসূচির আওতায় বরাদ্দ কোনো বরাদ্দ পাওয়া যায় নি। ২০১৯-২০২০ অর্থ বছরে ইজিপিপি কর্মসূচির বাস্তবায়িত প্রকল্পের ২৬৪ টি উপজেলা হতে চুড়ান্ত প্রতিবেদন পাওয়া গিয়েছে। | (ক) **দুর্যোগ সহনীয় ঘর, কাবিখা এবং সোলারসহ** বাস্তবায়িত প্রকল্পের সমাপ্ত প্রতিবেদন আগষ্ট ২০২০ মাসের মধ্যে সংগ্রহের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>**(খ) দুর্যোগ সহনীয় ঘর, টিআর এবং সোলারসহ** বাস্তবায়িত প্রকল্পের সমাপ্ত প্রতিবেদন আগষ্ট ২০২০ মাসের মধ্যে সংগ্রহের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>(গ) ২০১৯-২০২০ অর্থ বছরে ইজিপিপি কর্মসূচির বাস্তবায়িত প্রকল্পের চুড়ান্ত প্রতিবেদন সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে সংগ্রহের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (কাবিখা/মূওপ ) |
| ৯ | মূল্যায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত। | (ক) পরিচালকগণ তাদের অনুবিভাগের অধীন শাখাসমূহ প্রতি ০৩ মাস অন্তর এবং উপপরিচালক/নির্বাহী প্রকৌশলীগণ তাদের অধীন শাখাসমূহ প্রতি ০২(দুই) মাস অন্তর পরিদর্শন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>(খ) এ মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন সকল উন্নয়ন প্রকল্পের কার্যক্রম ও মানবিক সহায়তা কার্যক্রম পরিদর্শনের পাশাপাশি সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস পরিদর্শন সংক্রান্ত বিষয়ে আলোচনা। | (ক) অধিদপ্তরের পরিচালক/ উপপরিচালক/নির্বাহী প্রকৌশলীগণ তাদের অধীন শাখাসমূহ প্রতি ০২ (দুই) মাস অন্তর পরিদর্শন করবেন এবং নিয়মিত প্রতিবেদন দাখিল করবেন।<br><br>(খ) অধিদপ্তর হতে প্রকল্প পরিদর্শনে গেলে এ মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন সকল উন্নয়ন প্রকল্পের কার্যক্রম ও মানবিক সহায়তা কার্যক্রম পরিদর্শনের পাশাপাশি দুর্যোগ সহনীয় ঘরসহ সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিসও পরিদর্শন করে প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। পরিদর্শন যথাযথভাবে করতে হবে। শুক্র ও শনিবার মাঠ পর্যায়ে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | পরিচালক (সকল)/ ও উপপরিচালক (সকল)/ নির্বাহী প্রকৌশলী (সকল)/ পরিদর্শনকারী সকল কর্মকর্তা<br><br>পরিচালক (মূওপ) ও পরিদর্শণকারী কর্মকর্তা (সকল) ডিআরআরও/ পিআইও (সকল) |
| ১০ | ভিজিএফ ও ঝুঁকিহ্রাস কর্মসূচি সংক্রান্ত। | (ক) পরিচালক (ভিজিডি) জানান যে, ২০২০-২১ অর্থ বছরে ঈদ-উল-আযহা উপলক্ষে ভিজিএফ কর্মসূচির আওতায় চাল বরাদ্দ পাওয়া গেছে। যথাযথ মনিটরিং এর মাধ্যমে বরাদ্দকৃত ভিজিএফ কর্মসূচির আওতায় ১,০০,০৬৮.৬৯ মেঃটন চাল বরাদ্দ দেয়া হয়েছে। খাদ্যশস্য বিতরণের ব্যবস্থা নেয়ার নির্দেশনাসহ সকল জেলায় চাল ছাড় করা হয়েছে। উপকারভোগীর মোট সংখ্যা ১০,০০,৬৬৯ জন।<br><br>(খ) ঝুঁকিহ্রাস কর্মসূচির আওতায় ঋণ ও অনুদান হিসেবে মোট ১৪৫,৬৪,১৭,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত সর্বমোট =৩৫,৭৫,৫৫,৫০৮/- টাকা আদায় হয়েছে। এছাড়া সাময়িক বেকারত্ব মোচন তহবিলের আওতায় ঋণ ও অনুদান হিসেবে মোট =৪,৫০,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত মোট আদায় ৯৮,২৩,৯০৮/৫৬ টাকা। এ ক্ষেত্রে সার্টিফিকেট মামলা রুজু করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাদের পত্র দেয়া হয়েছে।<br><br>(গ) যে সকল জেলায় বা উপজেলায় পাওনা টাকার পরিমাণ বেশি সে সকল জেলা/উপজেলায় পরিদর্শন অব্যাহত আছে। | (ক) ভিজিএফ কর্মসূচির খাদ্যশস্য যথাযথভাবে বিতরণ নিশ্চিত করতে হবে। ভিজিএফ চাল বিতরণ বিষয়ে কোন অনিয়ম পাওয়া গেলে তা তাৎক্ষণিকভাবে তদন্ত করে প্রতিবেদনের আলোকে প্রচলিত বিধিমতে দ্রুততার সাথে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও নিস্পত্তি করতে হবে।<br><br>(খ) সংশ্লিষ্ট ইউএনওগণের মাধ্যমে সার্টিফিকেট মামলা রুজু করে ঝুঁকিহ্রাস এবং বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী টাকা আদায়ের ব্যবস্থা করতে হবে।<br><br>(গ) যে সকল জেলায় বা উপজেলায় পাওনা টাকার পরিমাণ বেশি সে সকল জেলা/উপজেলায় পরিচালক (ভিজিডি) নিজে পরিদর্শন করে ব্যবস্থা নিবেন। | পরিচালক (ভিজিডি) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ) ঝুঁকিহ্রাস কর্মসূচির আওতায় প্রদানকৃত অর্থ আদায়ের লক্ষ্যে ঋণ ও অনুদান আলাদা ভাবে যাচাই করার জন্য মানিকগঞ্জ জেলার একটি উপজেলাকে পাইলটিং উপজেলা হিসেবে কার্যক্রম গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। | (ঘ) ঝুঁকিহ্রাস কর্মসূচির আওতায় প্রদানকৃত অর্থ আদায়ের লক্ষ্যে ঋণ ও অনুদান আলাদাভাবে যাচাই করার জন্য মানিকগঞ্জ জেলার একটি উপজেলাকে পাইলটিং উপজেলা হিসেবে কার্যক্রম গ্রহণ করতে হবে। | |
| ১১ | ত্রাণ কার্যক্রম সংক্রান্ত | (ক) ত্রাণ কর্মসূচিঃ ত্রাণ খাতে বরাদ্দকৃত অর্থদ্বারা সরকারি পরিপত্র অনুযায়ী যথাযথভাবে কম্বল, ঢেউটিনসহ শুকনা খাবার ক্রয় কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>(খ) ঢেউটিন, গৃহ নির্মাণ বরাদ্দসহ জিআর চাল ও জিআর অর্থ সরকারী নিয়ম মোতাবেক বন্যা কবলিত জেলাসহ অন্যান্য জেলায় ছাড়করণের বিষয়ে আলোচনা করা হয়। | (ক) বরাদ্দকৃত অর্থদ্বারা সরকারি পরিপত্র এবং স্পেশিফিকেশন অনুযায়ী যথাযথভাবে ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) ঢেউটিন, গৃহ নির্মাণ বরাদ্দসহ জিআর চাল ও জিআর অর্থ সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের চাহিদার ভিত্তিতে সরকারি বিধি অনুযায়ী জেলাওয়ারী ছাড় করতে হবে। কোন অনিয়ম/আত্মসাৎ হলে তাৎক্ষণিক ব্যবস্থা নিতে হবে। | পরিচালক (ত্রাণ)/ প্রধান ভারপ্রাপ্ত কর্মকর্তা, সিএসডি |
| ১২ | এমআইএম অনুবিভাগের কার্যক্রম সংক্রান্ত। | (ক) (i) ERCC স্থাপন বিষয়ে আলোচনা।<br>(খ) ধরন ভিত্তিক দুর্যোগের ক্ষয়ক্ষতির তথ্যাদি রেজিস্টার সংরক্ষণ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>(গ) জাতীয় ও আন্তর্জাতিক অনুষ্ঠানের ছবি সংরক্ষণ করা প্রসংগে।<br>(ঘ) অগ্নিকান্ডসহ যে সকল দুর্ঘটনা বা দুর্যোগে নিহতদের পরিবারদের এ অধিদপ্তরের মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে সে সকল নিহতদের তালিকা সংরক্ষণ করা প্রসংগে আলোচনা। | (ক) ERCC স্থাপনের কাজ যথাযথ তদারকির মাধ্যমে মান সম্মত নির্মাণ সামগ্রী দিয়ে দ্রুত সম্পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।<br>(খ) জেলা ওয়ারি দুর্যোগের ধরণ ভিত্তিক ক্ষয়ক্ষতির তথ্যাদি রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।<br>(গ) জাতীয় ও আন্তর্জাতিক দিবস, উদযাপিত বিভিন্ন অনুষ্ঠানসহ প্রশিক্ষণের এবং প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত কাজের ছবি এবং দুর্যোগের সকল অনুষ্ঠানের ছবি এমআইএম শাখায় প্রেরণ করতে হবে। এমআইএম শাখা এ সকল ছবি সংরক্ষণ করবেন।<br>(ঘ) অগ্নিকান্ডসহ যে সকল দুর্ঘটনা বা দুর্যোগে নিহতদের পরিবারদের এ অধিদপ্তরের মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে সে সকল নিহতদের তালিকা আলাদা রেজিস্টারে সংরক্ষণ করতে হবে। | পরিচালক (এমআইএম)/ প্রকল্প পরিচালক (ইউআরপি)/<br>প্রোগ্রামার<br>উপপরিচালক (এমআইএম) |
| ১৩ | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগের কার্যক্রম সংক্রান্ত। | (ক) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, মুজিব কিল্লা সংস্কার ও পুননির্মাণ প্রকল্প, জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র কাম ত্রাণ গুদাম নির্মাণ প্রকল্পসহ ১০ টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। তাছাড়াও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সেতু/কালভার্টসমূহ মেরামত ও এ্যাপ্রোচ সড়ক রক্ষণাবেক্ষণ প্রকল্প, উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র কাম ত্রাণ গুদাম নির্মাণ প্রকল্পসহ আরও ০৯ টি প্রকল্প এর ডিপিপি প্রণয়ন করা হচ্ছে যা মন্ত্রণালয়ে যাচাই-বাছাই পর্যায়ে রয়েছে। | (ক) (i) ডিপিপি অনুযায়ী চলমান সকল প্রকল্পের কাজ যথযথভাবে নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে এবং মন্ত্রণালয়ে প্রেরিত ডিপিপিসমূহ যাচাই বাছাই অন্তে পরিকল্পনা কমিশনে প্রেরণের যথাযথ উদ্যোগ নিতে হবে।<br>(ii) অধিদপ্তরের সকল পরিচালক/প্রকল্প পরিচালক/ উপপরিচালকগণ/ উপপ্রকল্প পরিচালক বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজ পরিদর্শন করে নিয়মিত প্রতিবেদন দিবেন এবং প্রতিবেদনের এক কপি পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কে দিতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/ উপপরিচালক প্রশমন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভা প্রতি মাসে আহবান এবং বিভিন্ন প্রকল্পের মাসিক অগ্রগতির প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। এ ছাড়া বাস্তবায়নাধীন সকল উন্নয়ন প্রকল্পের NOA ও Work order সরকারি বিধি অনুযায়ী সময়মত প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>(গ) জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন ও (APA) এর অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে দাখিলের বিষয়ে আলোচনা হয়। | (খ) বাস্তবায়নাধীন সকল উন্নয়ন প্রকল্পের NOA ও Work order সরকারি বিধি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করতে হবে এবং নির্মাণ কাজ সময়মত সম্পন্ন করতে হবে।<br>(গ) অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক (সকল)<br><br>পরিচালক (পরিকল্পনা)<br>উপপরিচালক (প্রশমন) |
| ১৪ | প্রশিক্ষণ ও গবেষণা অনুবিভাগের কার্যক্রম সংক্রান্ত। | ক) এ পর্যন্ত ১৪ ও ১৫তম ব্যাচের বুনিয়াদি প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। শুদ্ধাচার, নথি বিনষ্টকরণ, সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল),তথ্য অধিকার ও অন্যান্য বিষয়ে মাঠ পর্যায়ের কর্মচারিসহ অধিদপ্তরের কর্মচারিদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে। ১৬তম ব্যাচের প্রশিক্ষণসহ যাবতীয় প্রশিক্ষণ কার্যক্রম সাময়িক স্থগিত করা হয়েছে।<br><br>(খ) প্রশিক্ষণের জন্য মডিউল এবং প্রশিক্ষণ গ্রহণকারীদের ডাটাবেজ প্রণয়ন এর বিষয়ে আলোচনা করা হয়। | ক) সরকারি কর্মচারী (শৃংখলা আপীল) বিধি-২০১৮, নথি বিনষ্টকরণ, বুনিয়াদি প্রশিক্ষণসহ শুদ্ধাচার, তথ্য অধিকার, ইনোভেশনসহ গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সকল প্রশিক্ষণ যথাসময়ে শুরু ও শেষ করতে হবে। প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারিদেরকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>খ) নতুন ২০২০-২০২১ অর্থ বছরের প্রশিক্ষণের জন্য মডিউল এবং প্রশিক্ষণ গ্রহণকারীদের ডাটাবেজ তৈরীর কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা) |
| ১৫ | অধিদপ্তরের জনবল নিয়োগ। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রাজস্ব খাতের শূণ্য পদ পূরণের লক্ষ্যে নিয়োগ কার্যক্রম দ্রুত তরান্বিত করণের জন্য সভাপতি তাগিদ দেন। | নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১৬ | বিবিধ | ১) যে সকল প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য ডিপিপিতে আলাদা অফিস ভাড়ার অর্থ সংস্থান আছে; সে সকল প্রকল্পের অফিস এ অধিদপ্তরের বাইরে অন্যত্র একসাথে সম্ভব হলে একই বিল্ডিংয়ে ভাড়া নিয়ে দ্রুত স্থানান্তর করতে হবে। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এ বিষয়টি সমন্বয় করবেন।<br><br>২) আনসার নিয়োগের বিষয়ে।<br><br>৩) নথি শ্রেনী বিন্যাস করে বিনষ্টের কার্যক্রম গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>৪) মাঠ পর্যায়ে ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারিদের বদলীর বিষয়ে আলোচনা করা হয়।<br><br>৫) অধিদপ্তরে কর্পোরেট সিম সরবরাহ ও ব্যবহার বিষয়ে আলোচনা। | ১) যে সকল প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য ডিপিপিতে আলাদা অফিস ভাড়ার অর্থ সংস্থান আছে; সে সকল প্রকল্পের অফিস ভাড়া খাতে অর্থের বরাদ্দ বিবেচনায় এ অধিদপ্তরের বাইরে অন্যত্র একসাথে সম্ভব হলে একই বিল্ডিংয়ে ভাড়া নিয়ে অক্টোবর.২০২০ এর মধ্যে স্থানান্তর করতে হবে। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এ বিষয়টি সমন্বয় করবেন।<br><br>২) আনসার নিয়োগের বিষয়ে পরিচালক (প্রশাসন) ঢাকা মহানগর আনসারের জোন অধিনায়ক এর সাথে যোগাযোগ করে দ্রুত ব্যবস্থা নিবেন।<br><br>৩) জরুরিভিত্তিতে নথি শ্রেনী বিন্যাস করে বিনষ্টের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>৪) মাঠ পর্যায়ে ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারিদের বদলীর পূর্বের জারিকৃত সকল আদেশ বাতিল করে এখন হতে অধিদপ্তর এর মাধ্যমে বদলীর আদেশ জারি করার নতুন প্রজ্ঞাপন করতে হবে।<br><br>৫) জেলা/ উপজেলাসহ অধিদপ্তরের সকল পরিচালক/ উপপরিচালক/সংশ্লিষ্ট উচ্চমান সহকারিদের কর্পোরেট সিম | পরিচালক (পরিঃ ও উন্নঃ)<br><br>পরিচালক (প্রশাসন)<br><br>উপপরিচালক (সকল)<br><br>উপপরিচালক (প্রশাঃ-২)<br><br>উপপরিচালক (প্রশমন)/ প্রোগ্রামার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৬) সভাপতি বলেন যে, মন্ত্রণালয় ও এ অধিদপ্তর হতে বিভিন্ন সময়ে কর্মকর্তা/কর্মচারিদের বদলী করে নির্ধারিত সময়ের মধ্যে বদলীকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশনা দেয়া হলেও যথাসময়ে যোগদান করেন না। এতে প্রশাসনিকসহ কর্মকর্তা/কর্মচারিদের তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করতে অনেক জটিলতার সৃষ্টি হচ্ছে। | প্রদান ও ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>৬) কর্মকর্তা/কর্মচারিদের বদলীর আদেশে দায়িত্ব হস্তান্তরকারীর নাম উল্লেখসহ বদলীকৃত কর্মস্থলে কত তারিখের মধ্যে যোগদান করবেন তা স্পষ্টভাবে উল্লেখ করে বদলীর আদেশ ইস্যু করতে হবে। আদেশের কপি সংশ্লিষ্ট জেলা/ উপজেলা হিসাব রক্ষণ অফিসে দিতে হবে। | উপপরিচালক (প্রশাঃ-১) |
| | | ৭) বিভিন্ন উন্নয়ন প্রকল্পে জনবল নিয়োগের নীতিমালার খসড়া প্রণয়ন। | ৭) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে গৃহীত বিভিন্ন উন্নয়ন প্রকল্পে জনবল নিয়োগের নীতিমালার খসড়া প্রণয়নের জন্য নিম্নোক্ত কর্মকর্তা সমন্বয়ে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক) পরিচালক (প্রশাঃ) আহবায়ক<br>খ) পরিচালক (মূওপ) সদস্য<br>গ) পরিচালক (ভিজিডি) সদস্য<br>ঘ) মোঃ আখতারুজ্জামান সহঃ প্রকৌ "মুজিব কিল্লা প্রকল্প" সদস্য<br>ঙ) মোঃ আনোয়ার হোসেন পিআইও, নারায়নগঞ্জ সদর সদস্য<br>গঠিত কমিটি আগামী এক মাসের মধ্যে নীতিমালার খসড়া প্রণয়ন করে মহাপরিচালক বরাবরে উপস্থাপন করবেন। এ বিষয়ে মোঃ আখতারুজ্জামান সহঃ প্রকৌ "মুজিব কিল্লা প্রকল্প সাচিবিক দায়িত্ব পালন করবেন। | |

০৩। সভার গুরুত্বর্পূণ বিষয়সমূহ পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আতিকুল হক)
মহাপরিচালক
ফোন-৮৮৩৫৪৯৫
E-mail: dg@ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০০৩.০৬.০০৮.১১- ৭০৮ তারিখঃ ২৮.০৯.২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল), ..............................., দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। উপপরিচালক/ উপ প্রকল্প পরিচালক (সকল), ...............................,দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী (কাবিখা/মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬। সহকারী পরিচালক (সকল), ..............................., দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭। সহকারী প্রকৌশলী (কাবিখা/মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৮। ...............................(সকল কর্মকর্তা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৯। উচ্চমান সহকারী/ হিসাব রক্ষক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

২৭.০৯.২০২০
(লুৎফুন নাহার)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোন-৯৮৬১৩৬০